

# শিক্ষাপ্রতিষ্ঠান খুলছে রবিবার, মন্ত্রণালয়ের জরুরি নির্দেশনা

অনলাইন ডেস্ক



সংগৃহীত ছবি

পবিত্র রমজান ও ঈদুল ফিতরের টানা ছুটি শেষ হচ্ছে শনিবার (২৮ মার্চ)। আগামীকাল রবিবার থেকে দেশের প্রাথমিক থেকে উচ্চ মাধ্যমিক পর্যায়ের সব শিক্ষাপ্রতিষ্ঠান মুখর হয়ে উঠবে শিক্ষার্থীদের পদচারণে।

এদিকে ছুটি শেষে সব শিক্ষাপ্রতিষ্ঠান পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা এবং বছরব্যাপী তদারকি নিশ্চিত করতে একটি বিশেষ আন্ত মন্ত্রণালয় কমিটি গঠন করা হয়েছে। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রীকে এই কমিটির আহ্বায়ক করা হয়েছে।

বুধবার (২৫ মার্চ) শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ থেকে সিনিয়র সহকারী সচিব মুহাম্মদ হেলাল চৌধুরী স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এই জরুরি নির্দেশনার কথা জানানো হয়।

## প্রধান নির্দেশনাসমূহ

আসন্ন ঈদুল ফিতর ২০২৬-এর ছুটি শেষে শিক্ষাপ্রতিষ্ঠান খোলার আগেই পরিষ্কার-পরিচ্ছন্নতা নিশ্চিত করতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে ৫টি বিশেষ নির্দেশনা দেওয়া হয়েছে :

**১. ছুটি-পরবর্তী প্রস্তুতি :** ঈদুল ফিতরের ছুটি শেষে ক্লাস শুরু হওয়ার আগেই প্রতিটি শিক্ষাপ্রতিষ্ঠান সম্পূর্ণ পরিষ্কার-পরিচ্ছন্ন করতে হবে।

**২. নিয়মিত তদারকি :** প্রতিদিন শিক্ষাপ্রতিষ্ঠানের পরিচ্ছন্নতা বজায় রাখার জন্য তদারকি কার্যক্রম আরো জোরদার করতে হবে।

**৩. সাপ্তাহিক অভিযান :** প্রতি সপ্তাহে শিক্ষক ও শিক্ষার্থীদের সরাসরি অংশগ্রহণে বিশেষ পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করতে হবে।

**৪. সবুজায়ন ও বাগান :** প্রতিটি প্রতিষ্ঠানে  
বৃক্ষরোপণ কর্মসূচি গ্রহণ এবং নিয়মিত বাগান  
পরিচর্যা নিশ্চিত করতে হবে।

**৫. সচেতনতা বৃদ্ধি :** শিক্ষার্থীদের ব্যক্তিগত ও  
পরিবেশগত পরিচ্ছন্নতার বিষয়ে নিয়মিত  
উদ্ভুদ্ধকরণ কর্মসূচি পালন করতে হবে।